অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/10/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল জুলি লাফেভকে গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের পরিচালক হিসেবে নিয়োগদান করলেন

লাফেভের অভিজ্ঞতা এবং নেতৃত্ব নিয়ে ফিয়ার প্রবৃদ্ধি ও অগ্রগতি অব্যাহত রাখার জন্য প্রস্তুত

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে জুলি লাফেভকে গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের (Great New York State Fair) পরিচালক হিসেবে নিয়োগদান করা হয়েছে। এই বছরের শুরুতে অন্তর্বর্তীকালীন পরিচালক হিসেবে নিয়োগ পাওয়ার পূর্বে 2023 সালে অপারেশন পরিচালক হিসেবে দায়িত্ব পালন করা লাফেভের নির্বাচন ফেয়ারের অব্যাহত প্রবৃদ্ধি, উদ্ভাবন এবং সাংস্কৃতিক গুরুত্ব নিশ্চিত করতে একটি অপরিহার্য ভূমিকা পালন করে, এবং একই সাথে নিউ ইয়র্কের প্রিয় বার্ষিক ইভেন্টকে বিশেষ করে যেই প্রিয় ঐতিহ্য, অন্তর্ভুক্তি এবং পারিবারিক পরিবেশ তার সংরক্ষণ নিশ্চিত করবে। অত্যন্ত যোগ্য বৈচিত্র্যময় প্রার্থীদের আকৃষ্ট করা একটি দেশব্যাপী অনুসন্ধানের পর লাফেভকে এই পদের জন্য নির্বাচিত করা হয়েছে।

"অপারেশন পরিচালক এবং অন্তর্বর্তীকালীন পরিচালক হিসেবে জুলির অভিজ্ঞতা এবং সেই সাথে তার সৃজনশীলতা ও জ্ঞান হলো গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের দীর্ঘমেয়াদি বিকাশ ও প্রাণশক্তির জন্য দুর্দান্ত সম্পদ," **গভর্নর হোকল বলেন।** "আমাদের সবথেকে প্রিয় ঐতিহ্যগুলির একটির পরিচালক হিসেবে তাকে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানাতে পেরে আমি গর্বিত, এবং নিউ ইয়র্কের কৃষক, পণ্য, সংস্কৃতি, এবং বৈচিত্র্যের এই অসাধারণ প্রদর্শনীতে আমাদের বিনিয়োগ ও এর বিকাশ অব্যাহত রাখতে তার সাথে কাজ করতে আমি উন্মুখ।"

অন্তর্বর্তীকালীন পরিচালক হিসেবে, লাফেভ 2024 ফেয়ারের পরিকল্পনায় নেতৃত্ব দিয়েছেন, গতিবেগ সৃষ্টি করতে এবং এর সবথেকে বৈচিত্র্যময়, গতিশীল, এবং পারিবারিক বিনোদনের লাইনআপ একত্রিত করতে সাহায্য করেছেন যেখানে শিশুদের জন্য তৈরি অ্যাক্ট থেকে শুরু করে গ্র্যামি বিজয়ী শিল্পী এবং রক-অ্যান্ড-রোল হল অফ ফেম পারফর্মারদের আয়োজন পর্যন্ত ব্যাপ্তির প্রদর্শনী হবে। পাশাপাশি, নিউ ইয়র্কের অর্থনীতি, পর্যটন প্রয়াস, এবং শিক্ষাগত উদ্যোগকে বলীয়ান করতে স্টেটের কৃষি উদ্যোগসমূহের গুরুত্ব প্রদর্শন করা একাধিক উদ্ভাবনী আকর্ষণ তৈরিতে লাফেভ কাজ করেছেন। অন্তর্বর্তীকালীন পরিচালক হিসেবে তার পদের পূর্বে, লাফেভ ফেয়ারের অপারেশন পরিচালক হিসেবে কাজ করেছেন, নিউ ইয়র্ক স্টেট ফেয়ারগ্রাউন্ডসের দৈনন্দিন অপারেশন ব্যবস্থাপনা করেছেন, যার মধ্যে রয়েছে চুক্তি, বাজেট,

375 একরজুড়ে বিস্তৃত 50টির বেশি ভবন, এবং 100 জনের বেশি পূর্ণকালীন এবং খণ্ডকালীন কর্মীর তত্ত্বাবধান।

নিউ ইয়র্ক স্টেটের স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ বল বলেন, "ফেয়ারে যোগ দেওয়ার পর থেকেই জুলি দারুণ কাজ করছেন এবং তিনি একজন বলীয়ান নেতা যিনি বহু নতুন ও আকর্ষণীয় উদ্যোগ তৈরি করতে এবং আমরা যাতে প্রথমে ও সর্বাগ্রে কৃষিতে মনোযোগ বজায় রাখি তা নিশ্চিত করতে তিনি আমাদের সত্যিকারের মেধাবী স্টেট ফেয়ার দলের সাথে কাজ করছেন।জুলির অভিজ্ঞতা, আবেগ এবং উদ্ভাবনী চিন্তাধারা ইতিমধ্যেই এই বছরের ফেয়ারকে উন্নত করেছে, এবং এখন পরিচালক হিসেবে তার নেতৃত্ব পেয়ে এই বছরের ফেয়ার সত্যিই মনে রাখার মতো একটি ফেয়ার হবে বলে আমার কোনো সন্দেহ নেই।"

নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের পরিচালক জুলি লাফেভ বলেন, "গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের পরিচালক হিসেবে নিয়োগ পেয়ে এবং 175 বছরের বেশি সময় ধরে নিউ ইয়র্কবাসীকে মন্ত্রমুগ্ধ করে রাখা গ্রীষ্মকালীন একটি ঐতিহ্যের বিকাশে ভূমিকা পালন করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। গুরুত্বপূর্ণ এই পদে আমাকে নিয়োগদানের জন্য গভর্নর হোকলের প্রতি এবং ফেয়ারে আসা ব্যক্তিরা যাতে 2024 এর ফেয়ার সেরা বছরগুলির একটি ছিলো এমন অনুভূতি নিয়ে ফেরত যেতে পারে তা নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করা আমার ফেয়ার দলের প্রতি আমি কৃতজ্ঞ।"

2023 সালে ফেয়ারে যোগদান করার পূর্বে, লাফেভ সিরাকিউজ সিটির পার্ক, বিনোদন, এবং কমবয়সীদের কর্মসূচি বিভাগের (Department of Parks, Recreation, and Youth Programs) কমিশনার হিসেবে কৌশলী ব্যবস্থাপনার জন্য ব্যাপক সুনাম অর্জন করেন, এর মধ্যে রয়েছে বড় বার্ষিক বাজেট, বহু মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল উন্নয়ন প্রকল্প, কর্মচারী ব্যবস্থাপনা, এবং উল্লেখযোগ্য আকারের ইভেন্টের পরিকল্পনা, প্রচারণা, এবং সমন্বয় তত্ত্বাবধান করার একটি প্রমাণিত ট্র্যাক রেকর্ড। একাধিক বড় আকারের ইভেন্টের সমন্বয় এবং লজিস্টিকে লাফেভ অপরিহার্য ভূমিকা পালন করেছেন, যার মধ্যে রয়েছে টেস্ট অফ সিরাকিউজ (Taste of Syracuse) যা নিয়মিতভাবে দুই দিনের সময়কালে 100,000 এর বেশি দর্শককে আকৃষ্ট করে। বিনোদনের ক্ষেত্রে কাজ করতে তার বাড়তি অভিজ্ঞতা, এবং সেই সাথে সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলজুড়ে বিভিন্ন বোর্ডের সাথে জড়িত তার নেতৃত্ব তাকে ফেয়ারের মতো বিশ্বমানের ইভেন্ট প্রযোজনা করার ব্যাপারে ব্যাপক অভিজ্ঞতা ও অন্তর্দৃষ্টি প্রদান করেছে।

এই ঘোষণাটি হলো কৃষিতে গভর্নর হোকলের সাহসী বিনিয়োগ এবং নিউ ইয়র্কে সকল ফেয়ারের বিকাশ এবং পুনরুজ্জীবনের সুযোগকে সমর্থন করার পরিকল্পনার অনুবর্তী। অর্থবছর 2024 সালের প্রণীত বাজেট নিউ ইয়র্কের কাউন্টি ফেয়ারসমূহ এবং গ্রেট নিউ ওয়ার্ক স্টেট ফেয়ারের জন্য মুখ্য তহবিল প্রদান করে, এগুলি নিউ ইয়র্ক কৃষির অতি গুরুত্বপূর্ণ অংশ যা জনগণকে এই গুরুত্বপূর্ণ শিল্পখাত ও এর ঐতিহ্যের সাথে যুক্ত করে। বাজেটে কাউন্টি ফেয়ারের জন্য একটি 2 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ রয়েছে যা কাউন্টি ফেয়ার এবং গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের মধ্যকার সমন্বয় উন্নত করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতি পূরণ করার একটি প্রয়াসে

তাদের বাজারজাতকরণ ও প্রচারণায় সহায়তা করবে এবং স্টেটব্যাপী সকল ফেয়ারে তরুণ ও কৃষি কর্মসূচি উন্নত করার সুযোগ বৃদ্ধি করবে।

ফেয়ার 21 আগস্ট, বুধবার খুলবে এবং 2 সেপ্টেম্বর, সোমবার, শ্রম দিবস পর্যন্ত চলবে। প্রবেশ, পার্কিং এবং ফেয়ারের বিখ্যাত মিডওয়ে টিকেট এখন বিক্রি হচ্ছে এবং গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের ওয়েবসাইট ভিজিট করার মাধ্যমে কেনা যাবে।

গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে প্রবেশ করলে অনেক কিছুর মূল্য পাওয়া যাবে এবং এতে 39টি জাতীয় রেকর্ডিং অ্যাক্টের অ্যাক্সেস থাকবে। **শেভি কোর্টে** (গেট 1 এর কাছে অবস্থিত) প্রতিদিন দুপুর 1টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত একটি কনসার্ট হবে, এবং **সবার্বান পার্কে** (মিডওয়ে পার হয়ে ফেয়ারগ্রাউন্ডসের পশ্চিম প্রান্তে অবস্থিত) প্রতিদিন রাত 8টায় একটি কনসার্ট হবে। ফেয়ারের ওয়েবসাইটে শেভি কোর্ট এবং সবার্বান পার্কের জন্য নিবেদিত পেজে সর্বশেষ কনসার্টের সময়সূচি উপলভ্য আছে।

1841 সালে প্রতিষ্ঠিত গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার নিউ ইয়র্কের কৃষির সেরা সবকিছুর প্রদর্শন করে, শীর্ষ মানের বিনোদন প্রদান করে এবং এবং এটি পর্যটনের মাধ্যমে সেন্ট্রাল নিউ ইয়র্কের অর্থনীতির প্রবৃদ্ধি করার জন্য স্টেটের CNY রাইজিং (CNY Rising) কৌশলের একটি মুখ্য অংশ। এটি মার্কিন যুক্তরাষ্ট্রের সবথেকে পুরোনো ফেয়ার এবং এটিকে সেরা পাঁচ স্টেট ফেয়ার হিসেবে ধারাবাহিকভাবে স্বীকৃতি প্রদান করা হচ্ছে।

নিউ ইয়র্ক স্টেটের ফেয়ারগ্রাউন্ডস একটি 375 একরের প্রদর্শনী এবং বিনোদন কমপ্লেক্স যা সারা বছর খোলা থাকে। গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার সম্পর্কে অনলাইনে আরো জানতে, ফ্লিকারে ছবি দেখতে, এবং ফেসবুক, X, ও ইন্সটাগ্রামে মজা ফলো করার জন্য দর্শকদের উৎসাহিত করা যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন